



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৪৯১৭৯৬১/ ২৭৯৭ / নথি নং- ৮৫১- ২৮০ তারিখঃ ৪.০২.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলাধীন মুহাম্মদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সভাপতি হাজী আবদুস ছত্তার চৌধুরী এর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, মিথ্যা মামলায় জড়িয়ে মাদ্রাসায় ঢুকতে না দেয়া, স্বাক্ষর জাল করে অব্যাহতি পত্র প্রদর্শন করা, গোপনে পকেট কমিটি গঠন করে অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে প্রতিষ্ঠাতা ও সুপার মুহাম্মদ ইউনুছ শামীম অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
১.০২.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
বোয়ালখালী, চট্টগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৪৯১৭৯৬১/ \_\_\_\_\_ / নথি নং- \_\_\_\_\_ তারিখঃ .০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
৪. সভাপতি, মুহাম্মদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মুহাম্মদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।
৬. জনাব মোহাম্মদ ইউনুস শামীম, মৌলভী আঃ মজিদ বাড়ী, মরিয়ম নগর, রাঞ্জুনিয়া, চট্টগ্রাম-৪৩৬০।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

# মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদরাসা

MOHAMMADIA ISLAMIA DAKHIL MADRASAH

চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।

মাদরাসা কোড নং : ১৯৫৭২, ইন নং -১০৪১৪৭

সূত্র :

তারিখ : ১৬/১১/২০১৭ ইং

বরাবর,

রেজিষ্ট্রার মহোদয়,

বাংলাদেশ মাদরাসা বোর্ড, ঢাকা।

বিষয় :- চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলাধীন চরণদ্বীপ উইনিয়নস্থ মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির অনুমোদন স্বগিত করা প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদরাসার প্রতিষ্ঠাতা সুপার, ২০১৫ সালে জেডিসি পরীক্ষাকে কেন্দ্র করে স্বঘোষিত সভাপতি হাজী আবদুস ছত্তার চৌধুরী স্থানীয় প্রভাব ও পেশী শক্তির জোরে আমার বিরুদ্ধে দীর্ঘ দিনের পরিকল্পিত ষড়যন্ত্র উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সহায়তায় বাস্তবায়ন করেছেন। এবং মিথ্যা মামলায় জড়াইয়া দিয়ে মাদরাসায় উপস্থিতি বন্ধ করে দেন। বিধি বহির্ভূত একজন বাংলা শিক্ষককে ভারপ্রাপ্ত সুপার নিয়োগ করেন। কম্পিউটার স্ক্যানার করে মাদরাসা প্যাডে আমার স্বাক্ষর জাল জালিয়াতি করে মিথ্যা অব্যাহতি পত্র সৃজন করেন। অব্যাহতি পত্রে মাদরাসার প্যাড ব্যবহার করে ষড়যন্ত্রের ফাঁদে ফেলার অপকৌশল করেছেন। আমি তাদের জালিয়াতির বিরুদ্ধে আইনের আশ্রয় গ্রহণ করে (১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের আদালত, (দক্ষিণ) চট্টগ্রাম। সূত্র মিছ মামলা নং-৭৮৫/১৬ ইং। ধারা : ৯৮ ফৌজধারী কার্যবিধি, (২) উচ্চারণের আবেদন পত্র বোয়ালখালী সিনিয়র সহকারী জজ আদালত, পটিয়া, চট্টগ্রাম। মামলা নং- ৯৮/২০১৬ ইংরেজী তারিখ : ২৭/০৪/২০১৬ ইং দুইটি মামলা দায়ের করি। মামলা দুইটি চলমান আছে। আল্লাহর মেহেরবাণীতে ১৫/১১/২০১৭ ইং তারিখে বিচারক আমাকে নির্দোষ হিসাবে রায় ঘোষণা করেন এবং এই মিথ্যা মামলা হতে অব্যাহতি প্রদান করেন। জানিতে পারিলাম অতীব গোপনে ভুয়া নির্বাচন দেখিয়ে মিথ্যা পকেট কমিটি মাদরাসা বোর্ডে জমা করেছেন। শিক্ষা নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা আজীবন সদস্য থাকার অধিকার আছে। আমাকে সদস্য হতে বঞ্চিত করার জন্য ভুয়া ভোটার তালিকা তৈরী করেছেন বটে বোর্ডে লটকাইয়া দেন নাই। এবং কোন প্রকারের নির্বাচন করা হয় নাই। অথচ বর্তমানে মাত্র ১২ জন শিক্ষার্থী আছে। কমিটির তালিকায় যাহারা সদস্য হয়েছেন তাহারা আইনগত ভোটার নয় ভুয়া ভোটার। তাহাদের কারো ছেলেমেয়ে মাদরাসা পড়ুয়া নয়। বিধায় সরে জমিন তদন্ত করিলে সত্য উদঘাটন হবে।

অতএব মহোদয় সমীপে আমার একান্ত আরজ এই অবাঞ্ছিত ভুয়া কমিটিকে স্বগিত আদেশ দান করা, এবং কম্পিউটার স্ক্যানারের মাধ্যমে আমার স্বাক্ষর জালিয়াতি করে সৃজনকৃত মিথ্যা অব্যাহতি পত্র বাতিল করার আদেশ দানে বাধিত করিতে আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক



(মুহাম্মদ ইউনুছ শামীম)

প্রতিষ্ঠাতা ও সুপার

মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদরাসা

চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
Government of the People's Republic of Bangladesh  
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মুহাম্মদ ইউনুছ শামীম  
Name: Md Younus Shamaim  
পিতা: মৃত আব্দুল মজিদ  
মাতা: মৃত রজিয়া বেগম  
Date of Birth: 01 Sep 1963  
ID NO: 1517034405386

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য  
কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: বাসা/হোল্ডিং: মৌলানা আব্দুল মজিদের বাড়ি, গ্রাম/রাস্তা: মরিয়ম নগর, শেখ  
পাড়া, ডাকঘর: মরিয়ম নগর - ৪৩৬০, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর প্রদানের তারিখ: ০৩/০৭/২০০৮

